63

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...06 APR 1996...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# কাল থেকে এসএসসি পরীক্ষা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** আগামীকাল রবিবার থেকে দেশের পাঁচটি শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। একই দিনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে শুরু হচ্ছে দাখিল পরীক্ষা।

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## কাল থেকে এসএসসি

(প্রথম পাতার পর)

এর আগে গত ২৭ মার্চ থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও দেশের রাজনৈতিক অচলাবস্থার কারণে পরীক্ষার তারিখ ৭ এপ্রিল পুনর্নির্ধারণ করা হয়।

সদ্যপ্রতিষ্ঠিত চট্টগ্রাম শিক্ষাবোর্ডসহ মোট পাঁচটি শিক্ষাবোর্ড থেকে এ বছর মোট চার লাখ ৭৬ হাজার পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ঢাকা বোর্ডে এক লাখ ৪১ হাজার, রাজশাহী বোর্ডে এক লাখ ২০ হাজার, যশোর বোর্ডে ৮৫ হাজার এবং কুমিল্লা ও চট্টগ্রাম বোর্ডে এক লাখ ৩০ হাজার পরীক্ষার্থী রয়েছে।

ইতোমধ্যে পরীক্ষা নেয়ার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। পরীক্ষা চলাকালে কেন্দ্রের দুই শ' গজের মধ্যে একত্রে চার ব্যক্তির উর্ধে জমায়েত ও চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে।